



নম্বর-৮০.০০.০০০০.১০১.১১.০০২.২৩-৪১৮

তারিখ : ১০ কার্তিক ১৪৩৩
২৬ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ‘উপ-সহকারী প্রকৌশলী/নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী)’ (১০ম গ্রেড) পদের বাছাই পরীক্ষার (MCQ Type) কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।

স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ‘উপ-সহকারী প্রকৌশলী/নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী)’ (১০ম গ্রেড) [বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০৬.২০২৩ ও বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর: ৪৪] পদের প্রার্থীদের ১ ঘণ্টা ব্যাপী বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম ও গ্রেড : উপ-সহকারী প্রকৌশলী/নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী), (১০ম গ্রেড)

পরীক্ষার তারিখ : ১১.১১.২০২৬ (বুধবার)

পরীক্ষার সময় : বিকাল ৩:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত

ক্রমিক নং	হলের নাম	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
১.	ইস্পাহানি বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয় ৩, রাশেদ খান মেনন সড়ক (নিউ ইফ্রাটন রোড), মগবাজার, ঢাকা	000001-001500	১৫০০ জন
২.	গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা	001501-003000	১৫০০ জন
৩.	তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা	003001-005400	২৪০০ জন
৪.	মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর-১, ঢাকা	005401-006500	১১০০ জন
৫.	মিরপুর সরকারি মহিলা কলেজ, সেকশন-২, মিরপুর, ঢাকা	006501-007500	১০০০ জন
৬.	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা	007501-009400	১৯০০ জন
৭.	মিরপুর ডেভেলপমেন্ট কমিটি (এম.ডি.সি) মডেল স্কুল এন্ড কলেজ ১২-বি, পল্লবী, মিরপুর, ঢাকা।	009401-011200	১৮০০ জন
৮.	ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা-১২০৭	011201-013200	২০০০ জন
৯.	সরকারি লালমাটিয়া হাউজিং সোসাইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ১৮২/১ ব্লক-বি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা	013201-015200	২০০০ জন
১০.	মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয় সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা	015201-016400	১২০০ জন
১১.	কিশলয় বালিকা বিদ্যালয় ও কলেজ তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকা	016401-018000	১৬০০ জন
১২.	মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয় নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।	018001-201058	২৫০০ জন
১৩.	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা	201059-400264	২০০০ জন
১৪.	বিএএফ শাহীন হাজী আশ্রাফ আলী কলেজ পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা	400265-401364	১১০০ জন
১৫.	হাজী আলী হোসেন স্কুল এন্ড কলেজ মিরপুর-১৩, কাফরুল, ঢাকা	401365-501179	১৫০০ জন

ক্রমশঃ ০২


ক্রমিক নং	হলের নাম	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
১৬.	শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা	501180-701655	২৪০০ জন
১৭.	আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় আগারগাঁও (তালতলা), শেরেবাংলা নগর, ঢাকা	701659-801183	১২০০ জন
১৮.	মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	801184-801596	৩৪২ জন
মোট =			২৯০৪২ জন

০২. পরীক্ষার্থীদের প্রতি সময়ভিত্তিক কার্যক্রমের নির্দেশনা :

সময়	পরীক্ষার্থীদের সময়ভিত্তিক কার্যক্রম
বেলা ১:০০টা -২:০০ টা	পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। বেলা ২:০০ টায় পরীক্ষা হলের মূলফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।
বেলা ২:৩০ মিনিট	পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে এবং হাজিরা গ্রহণ করা হবে বিধায় পরীক্ষার্থীদেরকে অবশ্যই বেলা ২:৩০ মিনিটের মধ্যেই নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্রে এবং উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে।
বেলা ২:৩০ -২:৫৫ মিনিট	পরীক্ষার্থী তার উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে পূরণ করবেন। এ সময়ে পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। হাজিরা তালিকায় স্বাক্ষর না করলে উত্তরপত্র বিবেচনায় নেয়া হবে না।
বিকাল ৩:০০ টা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন- সেট-১, সেট-২, সেট-৩, এবং সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না।
বিকাল ৪:০০ টা	বিকাল ৪:০০ টায় পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা শৃঙ্খলা বজায় রেখে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন।

০৩. পরীক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা:

- ৩.১ পরীক্ষার্থীগণ কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রিন্টকৃত প্রবেশপত্রের উপরে ডান কোণায় রেফারেন্স নম্বর ৩২-৫১/২০২৩ লেখা থাকবে। উক্ত রেফারেন্স নম্বরযুক্ত প্রবেশপত্র নিয়ে নির্ধারিত হলে উপস্থিত হবেন।
- ৩.২ প্রবেশপত্র এবং নির্ধারিত হল/কক্ষ ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ৩.৩ প্রবেশপত্রে বর্ণিত নির্দেশাবলি পরীক্ষার্থী মনোযোগের সাথে পড়বেন এবং অনুসরণ করবেন।
- ৩.৪. পরীক্ষার দিন বেলা ১:০০-২:০০ টার মধ্যে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত হলের পরীক্ষা কক্ষে উপস্থিত হতে হবে। বেলা ২:০০ টায় পরীক্ষা হলের মূলফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।
- ৩.৫ পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, কোনো প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, ওয়ালেট, গহনা, ব্যাগ ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্র নিয়ে কোনো পরীক্ষার্থী প্রবেশ করতে পারবেন না।
- ৩.৬ পরীক্ষার সময় পরীক্ষার্থী কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখবেন। কানে কোনো ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পরীক্ষার পূর্বে কমিশনের অনুমোদন গ্রহণ করবেন।



ক্রমশঃ ০৩

- ৩.৭ পরীক্ষা কেন্দ্রের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক্স ডিভাইসসহ সকল নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মাধ্যমে পরীক্ষার্থীদের হলে প্রবেশ করতে হবে।
- ৩.৮ পরীক্ষার্থীর কেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন বিবেচনা করা হবে না।
- ৩.৯ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ করলে এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচারণের জন্য দোষী সাব্যস্ত হলে বা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এর ধারা-১০,১১,১২,১৩ ও ১৪ অনুযায়ী কোনো অপরাধ সংঘটন করলে বা সংঘটনে সহায়তা করলে, তিনি যে ধারার অধীন অপরাধ সংঘটন করবেন বা সংঘটনে সহায়তা করবেন সে ধারায় বর্ণিত দণ্ডে দণ্ডিত হবেন।
- ৩.১০ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনোরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে প্রার্থীতা বাতিল হবে।
- ৩.১১. পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর করে কাটা যাবে।
- ৩.১২ প্রশ্নপত্র বিতরণের পর পরীক্ষা শেষ (বিকাল ৪:০০টা) না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৩.১৩ প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে আগামী ০৪-১১-২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) পরিচালক, ইউনিট-১ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে।
- ৩.১৪. নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কোনো পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থীতা বাতিল হবে; এবং
- ৩.১৫ পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে অথবা User ID/Password ভুলে গেলে কমিশনের ওয়েবসাইট এর সংশ্লিষ্ট Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery ও Password Recovery অপশন দেখা যাবে। উক্ত অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে এবং প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করা যাবে।

 26/10/2024

মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[চলতি দায়িত্ব]